গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

আইসিটি সেল

রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সেপ্টেম্বর-২০১৮ মাসের সভার কার্যবিবরনী

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

সভার তারিখ : ২৮.১০.২০১৮ খ্রিস্টাব্দ।

সভার সময় : বিকাল৩.০০ টা।

স্থান : রেলভবনস্থ ২য় তলার সম্মেলনকক্ষ (কক্ষ নং-২১১)

উপস্থিতি : পরিশিষ্ট-ক

০৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি)ও চিফ ইনোভেশন অফিসার -কে আহবান জানান। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) গত সভার কার্যবিবরণী সভায় পড়ে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৮-১৯ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহবান করা হয়েছে। সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	রেলপথ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক অনুমোদিত গাইডলাইন অনুসারে বাংলাদেশ রেলওয়ের প্রতিটি জোনে ১৩ টি বিভাগের ১৩ জন বিভাগীয় প্রধানদের নিয়ে প্রতি অঞ্চলের মহাব্যবস্থাপক কে আহ্বায়ক করে প্রতিটি অঞ্চলে একটি করে ইনোভেশন টিম এবং ১৩ জন বিভাগীয় প্রধানের প্রত্যেককে আহ্বায়ক করে ৩-৫ সদস্যের প্রতিটি অঞ্চলে ১৩ টি করে ইনোভেশন টিম গঠনের বিষয়ে আলোচনা হয়। পরিচালক (ট্রাফিক) জানান যে, পূর্বাঞ্চলে ১৩ টি এবং পশ্চিমাঞ্চলে ১২টি মোট ২৫ টি ইনোভেশন টিম গঠন করা হয়েছে। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) এর সভাপতিত্বে ২৫ অক্টোবর ২০১৮ তারিখে পূর্বাঞ্চলে এবং মহাব্যবস্থাপক (পশ্চিম) এর সভাপতিত্বে ১৭ অক্টোবর ২০১৮ তারিখে পশ্চিমাঞ্চলে ইনোভেশন টিম প্রধানদের নিয়ে দুইটি পৃথক সভা অনুষ্ঠিত হয় এবং innovation কার্যক্রম ও কর্ম্পরিকল্পনা সম্পর্কে একটি presentation দেয়া হয়েছে।	পূর্বাঞ্চালের ১৩ টি এবং পশ্চিমাঞ্চলের ১২টি টিমকে প্রতি মাসে একটি করে সভা করতে হবে এবং সভার রিপোর্ট নিয়মিতভাবে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবর প্রেরণ করে অত্র মন্ত্রণালয়ে ইহার ছায়ালিপি প্রেরণ নিশ্চিত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন),বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। পরিচালক (ট্রাফিক)
০২	বাংলাদেশ রেলওয়ের ট্রেন চলাচল সংক্রান্ত তথ্যাদি সহজে, স্বল্পখরচে এবং দ্রুততম সময়ে সর্বসাধারণের কাছে পৌঁছে দেওয়ার জন্য "মোবাইল অ্যাপস" এর বিকল্প হিসাবে রেলওয়ের Hot Line /Call Center ১৩১ এর মাধ্যমে ট্রেনের ভাড়া, ট্রেনের সময়সূচি ইত্যাদিসহ প্রয়োজনীয় তথ্য জনগণকে জানানোর জন্য কার্যক্রম গ্রহণের বিষয়ে অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, EOI আহ্বানের জন্য আলোচনা হলেও এ বিষয়ে প্রশাসনিক অনুমোদনের বিষয়টি স্পষ্ট ছিল না।	Hot Line /Call Center স্থাপনের নিমিত্ত এ সভার মাধ্যমে প্রশাসনিক অনুমোদন দেওয়া হল এবং দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। গঠিত কমিটি।

০৩	চলতি অর্থ-বছরে unmanlevel crossing gate এ সেন্সর্ড ডিজিটাল ডিভাইস স্থাপনের এবং ট্রেনে automatic track scanner স্থাপনের বিষয়ে আলোচনা করা হয় । সভায় Suncrops Ltd. নামক একটি প্রতিষ্ঠান automatic track scanner সম্পর্কিত একটি presentation উপস্থাপন করে।	১। অতি দ্রুত পূর্বাঞ্চলে ১০০ টি ও পশ্চিমাঞ্চলে ১০০ টি unmanlevel crossing gate স্থাপনের নিমিত্ত দুইটি পৃথক ডিপিপি করতে হবে। ২। ঢাকা-রাজশাহী রুটে চলাচলকৃত সিল্কসিটি ট্রেনে automatic track scanner পাইলট হিসেবে চালু করতে হবে।	১। সিএসটিই/টেলিকম), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৪	বাংলাদেশ রেলওয়ের ১৩ টি (ঢাকা, ঢাকাবিমানবন্দর, চট্টগ্রাম, কুমিল্লা, ফেনী, সিলেট, ময়মনসিংহ, রাজশাহী, বগুড়া, রংপুর, দিনাজপুর, যশোর ও খুলনা) স্টেশনে চালুকৃত wi-fiসেবার মান বৃদ্ধিপূর্বক আরো নতুন করে১২ টি (লাকসাম, আখাউড়া, ঈশ্বরদী, লালমনিরহাট, নরসিংদি, বনানী, ঢাকা ক্যান্টনমেন্ট, চাঁদপুর, ভৈরববাজার, জামালপুর, পার্বতীপুর, সৈয়দপুর,) স্টেশনে wi-fi চালু করার বিষয়ে QUBEE হতে প্রাপ্ত সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে সভায় জানান যে, ১০ টি স্টেশনে wi-fi চালু করার কাজ শেষ হয়েছে।চাঁদপুর স্টেশনে বিদ্যুতের সংযোগের কারণে এবং ক্যান্টনমেন্ট স্টেশনে Radisson Blu Hotel এর অনুমতি এখনো না পাওয়ায় সংযোগ দেওয়া সম্ভব হচ্ছে না ।	চাঁদপুর স্টেশনের wi-fi এর জন্য বিদ্যুৎ বিভাগের সাথে যোগাযোগ করে সমাধান করতে হবে। তাছাড়া ক্যান্টনমেন্ট স্টেশনের পরিবর্তে অন্য কোন স্টেশনকে wi-fi এর আওতায় এনে আগামী ৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়কে জানাতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৪। QUBEE
০৫	বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনে wi-fi চালু করার বিষয়ে সিএসটিই/টেলিকম জানান যে, উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ইন্টারনেট browsing খরচ সংশ্লিস্ট যাত্রী বহন করার শর্তে আন্ত:নগর ট্রেনে wi-fi চালু করার বিষয়ে উন্মুক্ত দরপত্র আহ্বান করা যেতে পারে। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, জানান যে, শীঘ্রই দরপত্র আহ্বান করা হবে।	আগামী ৭ (সাত) দিনের মধ্যে দরপত্র আহ্বান করতে হবে এবং অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২।অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩।সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৬	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য পোর্টেবল ইলেক্ট্রনিক মেশিন সিস্টেম (POS Machine) এর মাধ্যমে টিকেট বিক্রি করার বিষয়ে আলোচনা হয়। ইতোপূর্বে এ বিষয়ে গঠিত কমিটির আহবায়ক অতিরিক্তমহাপরিচালক(অপারেশন) জানান ইতিমধ্যে এ বিষয়ে পেপার প্রস্তুত করা হয়েছে, চলতি অর্থবছরে এটি বাস্তবায়িত হবে।	চলতি অর্থবছরের মধ্যে (POS Machine) চালু করার অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ৩। পরিচালক (পরিবহন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০৭	ইনোভেশন বক্সে প্রাপ্ত আইডিয়া পর্যালোচনায় প্রোগ্রামার জানান যে, সেপ্টেম্বর ২০১৮ মাসে কোন ইনোভেশন আইডিয়া পাওয়া যায় নি ।তবে লিখিত আইডিয়া ছাড়াও সম্প্রতি রেলওয়ে ফ্যান ক্লাবের সদস্যগণ ও সাধারণ যাত্রীগণ ফেসবুকসহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন বিষয়ে অভিযোগ করে থাকেন।	১। অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন বক্স, ফেসবুক ও রেলওয়ে ফ্যানক্লাব হতে প্রাপ্ত ইনোভেটিভ আইডিয়া এবং অভিযোগ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	১। সংশ্লিষ্ট কমিটি
০৮	১। ট্রেনের কোচ বর্ণমালার ভিত্তিতে সাজানোর জন্য Digital Board স্থাপনের বিষয়ে আলোচনা হয়। ২। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্টেশনে ট্রলি সরবরাহের বিষয়ে পরিচালক (ট্রাফিক) জানান যে, আগামী ১০-১৫ দিনের মধ্যে কিছু ট্রলি সরবরাহ করা হবে।	১। প্রাথমিক পর্যায়ে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহীগামী ট্রেনগুলোতে Digital Board স্থাপন করতে হবে। ২। দ্রুত ট্রলি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ৩। ট্রেন স্টেশনের Waiting Room গুলি সুন্দরভাবে অলঙ্করণ করতে হবে।	১। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। ২। পরিচালক (ট্রাফিক), বাংলাদেশ রেলওয়ে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০১৫.০৬.০০১.১৭.১৭৭

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫
০৭ নভেম্বর ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

২) অতিরিক্ত সচিব (আইসিটি ও অডিট), অতিরিক্ত সচিব অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়

৩) যুগ্মসচিব, প্রশাসন অনুবিভাগ, রেলপথ মন্ত্রণালয়

৪) যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা, রেলপথ মন্ত্রণালয়

৫) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), এডিজি (অপারেশন)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

৬) সিএসটিই(টেলিকম), সিএসটিই(টেলিকম)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

৭) যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে

৮) উপসচিব, প্রশাসন-২ শাখা, রেলপথ মন্ত্রণালয়

৯) পরিচালক (পরিবহন), পরিচালক (ট্রাফিক)-এর দপ্তর, বাংলাদেশ রেলওয়ে

১০) প্রোগ্রামার, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়

১১) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয়



মোহাম্মদ মাহফুজ হোসেন
সিনিয়র সিস্টেম এনালিস্ট